




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধা।
Web: www.palashbarigovtcollege.com



বিজ্ঞপ্তি নং-


তারিখ- ০৩/০২/২০২২

ভর্তি নির্দেশিকা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা মোতাবেক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ অনলাইনে সম্পন্ন হবে। আগামী ১৯/০২/২০২২ ইং দুপুর ১২টা থেকে হতে ২৪/০২/২০২২ ইং দুপুর ২টার মধ্যে একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারিত ফি শিওর-ক্যাশের মাধ্যমে (বিজ্ঞান বিভাগের ছাত্রদের ৩০০০টাকা ছাত্রীদের ২৭০০টাকা, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্রদের ২৮৪০টাকা ছাত্রীদের ২৫৪০টাকা) প্রদান করে এবং www.palashbarigovtcollege.com ওয়েবসাইটে ফরম পূরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা যাবে। উল্লিখিত সময়ের পরে ভর্তি ফরম পূরণের নির্ধারিত ওয়েবসাইট অটোমেটিক বন্ধ হয়ে যাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি কার্যক্রমে ব্যর্থ হলে অত্র কলেজে মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তি হতে ইচ্ছুক নয় বলে বোর্ডের নিকট প্রতীয়মান হবে। তাই সাবধানতার সাথে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে বলা গেল।

ভর্তি ফি প্রদানের পদ্ধতি (শিওর-ক্যাশের মাধ্যমে)

মোবাইল থেকেঃ



শিওর ক্যাশ অ্যাপ থেকেঃ



ভর্তি ফরম পূরণের পদ্ধতিঃ

- ১) কলেজের ওয়েবসাইটে www.palashbarigovtcollege.com প্রবেশ করে home page এর Online Admission অপশন Select করতে হবে।
- ২) নির্ধারিত বিভাগ নির্বাচন করতে হবে।
- ৩) ভর্তি ফরম এর সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে।
- ৪) ছাত্র-ছাত্রীদের মোবাইল নম্বর এবং অভিভাবকের মোবাইল নম্বর ভিন্ন ভিন্ন হতে হবে।
- ৫) মানবিক শাখার বিষয় নির্বাচন অংশে ইতিহাস ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এই দুটি বিষয় একসাথে নির্বাচন করা যাবে না।
- ৬) একটি Transaction ID দিয়ে একাধিক বার ফরম পূরণ করা যাবে না।
- ৭) অবশ্যই নির্ধারিত ফরমেটে শিক্ষার্থীদের ছবি আপলোড করতে হবে।

ফরমেট **120x150 pixel** এবং সাইজ **30kb** এর চেয়ে ছোট। ছবির নাম অবশ্য অবশ্যই শিক্ষার্থীদের **ssc roll** দিয়ে **save** করতে হবে।

৮) ফরমটি যথাযথভাবে পূরণ করে প্রিন্ট (colour) করার পর submit করতে হবে। এক্ষেত্রে কোন তথ্য সংশোধন করার প্রয়োজন হলে তা সংশোধন করে পুনরায় প্রিন্ট (colour) করার পর আবার submit করতে হবে।

৯) সঠিকভাবে submit করার পর Registration successful মেসেজ দেখালে ফরম পূরণ সম্পন্ন হবে।

১০) registration successful হওয়ার পর আর কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাই সতর্কতার সাথে ফরম পূরণ করার জন্য বলা হলো।

১১) অনলাইনে ভর্তি ফরম পূরণ সম্পন্ন হলে নির্দিষ্ট সময় পর কলেজ নির্ধারিত শুধু একটি নম্বর (০১৯১১১৯৮৯৪৮) থেকে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে কলেজ রোল সম্বলিত একটি এসএমএস পাঠানো হবে। অন্য নম্বর থেকে প্রেরিত এসএমএস কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না।

১২) কোন শিক্ষার্থীকে ভর্তির জন্য আপাতত কলেজে আসার প্রয়োজন নেই। পরবর্তীতে নোটিশের মাধ্যমে নির্ধারিত তারিখে নিম্নলিখিত কাগজপত্র কলেজে জমা দিয়ে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রঃ


- (i) অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম (১কপি)।
- (ii) এস,এস,সি বা সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র।
- (iii) এস,এস,সি বা সমমানের পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি (২কপি)।
- (iv) মূল প্রশংসাপত্র।
- (v) সদ্য তোলা ২কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের ছবি।

সকল শিক্ষার্থীদের কাগজপত্র জমা দেবার সময় কলেজ ব্যাচ, সোল্ডার ব্যাচ ও কলেজ প্রসপেক্টাস বাবদ ৭০/- টাকা জমা দিতে হবে।

উপরে উল্লিখিত প্রয়োজনীয় সকল কাগজপত্র নির্ধারিত তারিখে জমা না দেওয়ার কারণে ভর্তি সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ তার জন্য দায়ী থাকবে না।

বিঃদ্রঃ জরুরী প্রয়োজনে ভর্তি কমিটির শিক্ষকগণের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর



অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধা।

আহ্বায়ক

২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণি ভর্তি কমিটি
পলাশবাড়ী সরকারি কলেজ, গাইবান্ধা।